

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 26-01-2025
Time: 07-55- 8:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) দেশ আজ ৭৬তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করছে।
- (২) রাজ্যেও যথাযোগ্য মর্যাদায় প্রজাতন্ত্র দিবস উদযাপিত
।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবাইকে ত্রিপুরা সহ উত্তর
পূর্বাঞ্চলে ভ্রমণের আহ্বান জানিয়েছেন ।
- (৪) রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরা ও সার্ভিসেসের
লড়াই ড্র হয়েছে।

**

Republic day, National:

দেশ আজ ৭৬তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু নতুনদিল্লিতে কর্তব্য পথ থেকে প্রজাতন্ত্র দিবস উদযাপনের নেতৃত্ব দেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন। কুচকাওয়াজে প্রধান অতিথি ছিলেন ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রবোও সুবিয়ানতো। এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতীয় যুদ্ধ স্মৃতিসৌধে গিয়ে পুষ্পস্তবক অর্পণ করে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

দেশের বিভিন্ন স্থানের ৩০০ জন সাংস্কৃতিক শিল্পীর 'সারে জাহাঁ সে আচ্ছা'র সুর বাজানোর মধ্য দিয়ে কুচকাওয়াজ শুরু হয়। অনুষ্ঠানে হেলিকপ্টার থেকে ফুলের পাপড়ি বর্ষণ করা হয়।

কুচকাওয়াজ ট্যাঙ্ক T-90 (ভীষ্ম), NAG মিসাইল সিস্টেমের সঙ্গে BMP-2 শরথ, ব্রহ্মোস সহ দেশের বিভিন্ন সামরিক সরঞ্জাম প্রদর্শন করা হয়।

বিভিন্ন রাজ্য, কেন্দ্রশাসিত অঞ্চল এবং কেন্দ্রীয় সরকারের মন্ত্রক ও বিভাগ থেকে "স্বর্ণিম ভারত: বিরাসত অউর বিকাশ," শীর্ষক বর্ণাঢ্য কুচকাওয়াজে একত্রিশটি ট্যাবলু অংশ নেয়।

ইন্দোনেশিয়া থেকে ১৬০ সদস্যের মার্চিং কন্টিনজেন্ট এবং ২৯০ সদস্যের ব্যান্ড কন্টিনজেন্ট প্যারেডে অংশ নেয়। হরিয়ানার মূকনাটে ভগবদ গীতা প্রদর্শন করা হয় এবং উত্তর প্রদেশের মূকনাট্য মহাকুস্ত ২০২৫কে চিত্রায়িত করে। অনুষ্ঠানটি ৪৭টি বিমানের ফ্লাইপাস্টের মাধ্যমে শেষ হয়।

উল্লেখ্য, দেশ ও সমাজ গঠনে অবদানের জন্য অনুষ্ঠানটি প্রত্যক্ষ করতে সরকারের বিশেষ অতিথি হিসেবে গ্রামের সরপঞ্চ, হস্তশিল্প ও তাঁত কারিগর, স্বসহায়ক দলের সদস্য, আশা ও অঙ্গনওয়াড়ি কর্মী, রাস্তা নির্মাণ কর্মী সহ ৩৪টি বিভাগে দশ হাজার জনকে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছিল। এরমধ্যে ত্রিপুরার ৯৫ জনও রয়েছেন।

Republic Day- Governor:

রাজ্যেও আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ৭৬তম প্রজাতন্ত্র দিবস যথাযথ মর্যাদায় উদযাপন করা হয়। আজ সকালে আগরতলার আসাম রাইফেলস ময়দানে আয়োজিত মূল অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু জাতীয় পতাকা উত্তোলন, সমবেত বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন।

অনুষ্ঠানে রাজ্যপাল রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়ে বলেন, রাজ্যের সার্বিক বিকাশে রাজ্য সরকার আন্তরিকতার সঙ্গে কাজ করছে। শিক্ষা থেকে শুরু করে স্বাস্থ্য, কৃষি সব ক্ষেত্রেই

সুপরিকল্পিতভাবে উন্নয়নে গুরুত্ব দেওয়া হচ্ছে। তিনি বলেন, ত্রিপুরায় ইকো-ট্যুরিজমের পাশাপাশি প্রত্নতাত্ত্বিক ও সাংস্কৃতিক কারণেও পর্যটন শিল্প বিকাশের বিরাট সম্ভাবনা রয়েছে। যোগাযোগ ব্যবস্থার পরিকাঠামো উন্নয়নে রাজ্য সরকারের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন রাজ্যপাল। তিনি বলেন, ত্রিপুরায় সুশাসন সংক্রান্ত উদ্যোগের মূল চাবিকাঠি হচ্ছে ডিজিটাল প্রযুক্তি নির্ভর উন্নয়নে গুরুত্ব দেওয়া। সুশাসনের এই উদ্যোগে সরকারি অফিসগুলিতে ই-অফিস চালু করার এক বড় পদক্ষেপ নিয়েছে রাজ্য সরকার। রাজ্যপাল সমাজের সকল অংশের মধ্যে শান্তি ও সৌভ্রাতৃত্বের পরিবেশ অটুট রেখে দেশের ঐক্য ও অখণ্ডতা রক্ষার জন্য সবাইকে অঙ্গীকারবদ্ধ হওয়ার আহ্বান জানান।

#####Governor Byte#####

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, মুখ্যসচিব জে কে সিনহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, কেন্দ্র ও রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিক এবং রাজ্য পুলিশের পদস্থ আধিকারিকগণ।

PM-Greetings:

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে দেশবাসীদের শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামাজিক মাধ্যম এক্স-এ এক পোস্ট করে প্রধানমন্ত্রী বলেছেন, প্রজাতন্ত্রের ৭৫টি গৌরবময় বছর পূর্ণ করেছে দেশ। যাঁরা আমাদের সংবিধান তৈরি করেছেন এবং গণতন্ত্র, মর্যাদা ও ঐক্যের মধ্য দিয়ে আমাদের যাত্রা সুনিশ্চিত করেছেন, সেই সমস্ত মহান নারী ও পুরুষদের উদ্দেশে প্রধানমন্ত্রী প্রণাম জানিয়েছেন।

Republic Day Local:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে ৭৬ তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি আজ সরকারি বাস ভবনে জাতীয় পতাকা উত্তোলন করার পর সকলকে অভিনন্দন জানান।

বিজেপি প্রদেশ কার্যালয়ে আজ প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

আগরতলা পুর নিগমের সদর কার্যালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করেন মেয়র দীপক মজুমদার।

সিপিআইএম রাজ্য কার্যালয়ে ৭৬তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন সিপি আই এম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী।

আগরতলা প্রেসক্লাবে প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের বরিষ্ঠ ও প্রবীণ সাংবাদিক সুবল কুমার দে। সঙ্গে ছিলেন আগরতলা প্রেসক্লাবের সভাপতি, সচিব সহ বিশিষ্ট সাংবাদিকরা।

প্রদেশ কংগ্রেসের উদ্যোগ পোস্ট অফিস চৌমুহনিস্থিত কংগ্রেস ভবন প্রাঙ্গণে প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা।

Republic day, Ratanlal Nath:

কৃষি মন্ত্রী রতন লাল নাথ আজ প্রজাতন্ত্র দিবস উপলক্ষে গান্ধী ঘাটে জাতীয় পতাকা উত্তোলন করেন ও জাতির জনক মহাত্মা গান্ধীর সহ অন্যান্য বীর শহীদদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করেন। উপস্থিত ছিলেন সদর মহকুমা শাসক মানিক লাল দাস, কর্পোরেটর, তুষার ভট্টাচার্য সহ অন্যান্য বিশিষ্টজনের। এছাড়া অ্যালবার্ট এক্সা পার্কেও বীর জওয়ান দের শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য

অর্পণ করেন মন্ত্রী শ্রী নাথ, পুলিশ ও সেনাবাহিনীর উচ্চ পদস্থ আধিকারিকরা। মহাকরণে আজ জাতীয় পতাকা উত্তোলন করেন মন্ত্রী শ্রীনাথ। সঙ্গে ছিলেন তথ্য সংস্কৃতি দপ্তরের সচিব পি কে চক্রবর্তী সমবায় দপ্তরের সচিব তাপস রায় সহ অন্যান্যরা। রাজ্য পুলিশের অভিবাদন গ্রহণ করেন তিনি।

Republic Day-ADC:

স্বশাসিত জেলা পরিষদের উদ্যোগেও আজ যথাযথ মর্যাদায় প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। এডিসির চেয়ারম্যান জগদীশ দেববর্মা আজ সকালে খুম্পুই একাডেমী মাঠে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং সি আর পি এফ ও টি এস আর জওয়ানদের অভিবাদন গ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া সহ অন্যান্য নির্বাহী সদস্যগণ। অনুষ্ঠানে যাখিলী একাডেমী, খুম্পুই একাডেমী, মনফোর্ট স্কুল, সাসা একাডেমী ও খুমলুং ডিগ্রী কলেজের এন সি সি ক্যাডেটরা কুচকাওয়াজে অংশগ্রহণ করেন।

Republic Day-AIR:

আকাশবাণী আগরতলা কেন্দ্রে আজ সকালে এক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন ভারপ্রাপ্ত কেন্দ্র অধিকর্তা ভি. দিনেশ কুমার। দপ্তরের কর্মীরা জাতীয় সঙ্গীত পরিবেশন করেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং

নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক
প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ
লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন
টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা /
ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে
আকাশবাণী নিউজ আগরতলা।

PM -Agar wood:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে অংশ
নেওয়া এনসিসি ক্যাডেট, এনএসএস স্বেচ্ছাসেবক, আদিবাসী
অতিথি এবং ট্যাবলো শিল্পীদের সঙ্গে মতবিনিময় করেন। প্রজাতন্ত্র
দিবসের কুচকাওয়াজে অংশ নেবার দু'দিন আগে অনুষ্ঠিত ওই
মতবিনিময়ের সময়, অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীরা প্রধানমন্ত্রীর
কাছে তাঁদের নানা অভিজ্ঞতা ও প্রশ্ন উত্থাপন করেন। এই
মতবিনিময় কালে, ছাত্র-ছাত্রীরা ভারতের স্বচ্ছতা অভিযান যে যুব
অংশকেও প্রভাবিত করেছে তা উল্লেখ করেন। প্রধানমন্ত্রী
আনন্দের সাথে আলাপচারিতার সময়, মাই ভারত পোর্টালে
যুবদের বিরাট অংশগ্রহণ, এক পেড় মা কে নাম শীর্ষক বৃক্ষ
রোপন অভিযান ডিজিটাল পরিকাঠামো, বিকশিত ভারতের
ভাবনা ও লাখপতি দিদি- পরিকল্পনা বাস্তবায়নের সাফল্যের কথা
তাঁদের সামনে তুলে ধরেন।

শ্রী মোদী অষ্টলক্ষ্মীর সমগ্র অঞ্চল অর্থাৎ মিজোরাম, মণিপুর,
নাগাল্যান্ড, সিকিম, ত্রিপুরা, অসম এবং মেঘালয় ভ্রমণের জন্য
সবার প্রতি আহ্বান জানান।

#####Byte -PM -North East#####

Republic Day- North:

ধৰ্মনগর বি বি আই মাঠে উত্তর জেলা ভিত্তিক প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন জাতীয় পতাকা উত্তোলন, কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

Republic Day/UNAKOTI:

উনকোটি জেলায় শ্রমমন্ত্রী টিংকু রায় কৈলাশহর কলেজ স্টেডিয়ামে জেলার মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন, সমবেত বাহিনীর কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন।

কুচকাওয়াজে অংশগ্রহণকারী বাহিনীদের পুরস্কৃত করা হয়। আসাম রাইফেলস বাহিনীর ব্যান্ডশো, প্রদর্শন ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন, উনকোটি জেলার জিলা সভাপতি অমলেন্দু দাশ, জেলা শাসক দিলীপ কুমার চাকমা, পুলিশ সুপার কান্তা জানগির প্রমুখ।

Republic Day -Gomati:

গোমতী জেলায় উদয়পুর কেবিআই প্রাঙ্গণে ১ জাতীয় পতাকা উত্তোলন ও অভিবাদন গ্রহণ করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় । প্রধান অতিথির তিনি বলেন, রাজ্য সরকার দেশের প্রধানমন্ত্রীর সবকা সাথ, সব কা বিকাশের মন্ত্রকে পাথেয় করে প্রান্তিক এলাকায় বসবাসকারী নাগরিকদের কাছে জনকল্যাণকর প্রকল্পসমূহ স্বচ্ছতার সঙ্গে পৌঁছে দিতে দায়বদ্ধ

অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্যারেডে অংশগ্রহণকারী দলগুলির মধ্যে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। এছাড়াও ছিল বিএসএফ এর প্রশিক্ষণপ্রাপ্ত কুকুরের কলাকৌশল প্রদর্শন, বিএসএফ ও আসাম

রাইফেলসের রাইফেল প্রদর্শনী, যোগ প্রদর্শন ও সংস্কৃতিক প্রতিযোগিতা। জেলাভিত্তিক এই অনুষ্ঠানে বিশেষ অতিথির মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সহকারী সভাপতি সুজন কুমার সেন, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, গোমতীর জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা, জেলা পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ ১

এদিকে, জেলার অমরপুর মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে চন্ডিপুর মাঠ সংলগ্ন অমরপুর দ্বাদশ স্কুল প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক রঞ্জিত দাস এবং করবুক মহকুমা ভিত্তিক অনুষ্ঠানে করবুক পাঞ্জিহাম স্কুল প্রাঙ্গনে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা

Republic Day, Sepahijala:

সিপাহীজেলায় বনমন্ত্রী অনিমেষ দেববর্মা চড়িলামের দীনদয়াল উপাধ্যায় মিনি স্টেডিয়ামে জেলার মূল অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করে কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। পুলিশ, টি.এস.আর, বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীরা সহ প্যারেডে মোট ১৪ প্লাটুন অংশ গ্রহণ করে। উপস্থিত ছিলেন সিপাহীজেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার বি.জে. রেড্ডি সহ বিশিষ্ট জনেরা। দিনটির তাৎপর্য ব্যাখ্যা করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি অনিমেষ দেববর্মা। জেলার সোনামুড়া, বিশালগড় ও জম্পুইজলা মহকুমাতেও পৃথক ভাবে উদযাপিত হয়েছে প্রজাতন্ত্র দিবস।

জেলার সোনামুড়াতে বি.এস.এফের উদ্যোগে এন.সি.নগর বি.ও.পি.তে। বি.এস.এফ এর ৮১ নম্বর বাহিনীর কমান্ডেন্ট রাকেশ কুমার সিনহা জাতীয় পতাকা উত্তোলন করেন। তার আগে তাঁকে গার্ড অফ অনার প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বি.এস.এফ ৮১ নম্বর বাহিনীর সেকেন্ড ইন কমান্ড প্রশান্ত

মিজা, ডেপুটি কমান্ডেন্ট পদম সিং, এসিস্টেন্ট কমান্ডেন্ট
বিক্রান্ত সিং, সুনীল কুমার সিং ও সোমিল ভোহরা প্রমুখ।
কমান্ডেন্ট শ্রী সিনহা জানিয়েছেন পরম্পরা মেনে বি.এস.এফের
তরফে থেকে আজ বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানদের
মধ্যে মিষ্টি বিতরণ করা হয়েছে।

Republic Day- South:

দক্ষিণ জেলায় প্রজাতন্ত্র দিবসের মূল অনুষ্ঠানে বিলোনিয়ার
বিদ্যাপীঠ মাঠে সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া জাতীয় পতাকা
উত্তোলন করেন। সাব্রুমের মেলার মাঠে সাব্রুম মহকুমা
ভিত্তিক অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক
মাইলাফরু মগ, শান্তিরবাজার কলেজ মাঠে জাতীয় পতাকা
উত্তোলন করেন মহকুমা শাসক মনোজ কুমার সাহা। জেলার
জোলাইবাড়ি সহ বিভিন্ন জনপদে বিভিন্ন স্কুল থেকে সুসজ্জিত
শোভাযাত্রার আয়োজন করা হয়।।

Republic Day- Khowai:

খোয়াইয়ে আজ বিমানবন্দর মাঠে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ
দেববর্মা জাতীয় পতাকা উত্তোলন, সমবেত বাহিনীর কুচকাওয়াজ
পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। অনুষ্ঠানে খোয়াই জেলা
প্রশাসনের পক্ষ থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায়
কৃতিদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিলা
সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়, বিধায়ক নির্মল বিশ্বাস,
জেলাশাসক চাঁদনী চন্দ্রান, পুলিশ সুপার রমেশ চন্দ্র যাদব।

Ranji Trophy:

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরা ও সার্ভিসেসের লড়াই ড্র হয়েছে। এম বি বি স্টেডিয়ামে আজ চতুর্থ তথা শেষ দিনে ২ উইকেটে ১৪০ রান থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে রাজ্যদল ৫ উইকেটে ৩৫৭ রানে সমাপ্তির ঘোষণা দেয়। ২৫৭ রানে পিছিয়ে থেকে সফরকারী সার্ভিসেস দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১০১ রান করে। এর আগে রাজ্যদলের প্রথম ইনিংসের ২১২ রান জবাবে সার্ভিসেস প্রথম ইনিংসে ২৯৪ রান করেছিল।
